



বিশ্ববিদ্যালয়ের মূল কাজ আলোকিত মানবসম্পদ গড়া ॥ চবি উপাচার্য

প্রকাশিত: ৩০ - জানুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ একটি জাতির উন্নয়ন ও সমৃদ্ধি নির্ভর করে সেই জাতি জ্ঞান-গবেষণায় আধুনিক প্রযুক্তির উন্নয়ন ও ব্যবহারে কত বেশি দক্ষ তার ওপর। বর্তমান সরকারের ধারাবাহিক উন্নয়ন-অগ্রগতিকে টেকসই করতে প্রয়োজন দক্ষ, যোগ্য ও আলোকিত মানবসম্পদ। এ লক্ষ্যে বর্তমান প্রশাসন মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত থেকে আধুনিক বিজ্ঞানমনস্ক মানবসম্পদ উৎপাদনে নিরলস পরিশ্রম করে যাচ্ছে।

মঙ্গলবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের অরিয়েন্টেশন ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কথাগুলো বলেন উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। সমাজ বিজ্ঞান অনুষদ মিলনায়তনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অরিয়েন্টেশন বক্তা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চবি উপ-উপাচার্য প্রফেসর ড. শিরীন আখতার। সভাপতিত্ব করেন চবি সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ।

প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিককে সম্মাননা ক্রেস্ট উপহার প্রদান করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য আরেফিন সিদ্দিক বলেন, আগামী ভবিষ্যৎ নির্মাণ করাই হলো বিশ্ববিদ্যালয়ের অন্যতম কাজ। দেশে আগামীদিনের নেতৃত্ব তৈরির জন্য বিশ্ববিদ্যালয়গুলোকে আধুনিক বিজ্ঞানমনস্ক মানবসম্পদ উৎপাদনে ব্রতী হতে হবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইন্সটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com